



ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bb.org.bd

এফআইডি সার্কুলার লেটার নং : ০১

তারিখঃ ২৮ জানুয়ারি, ২০১৮
১৫ মাঘ ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এবং ০৪ নভেম্বর ২০১৫ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় খোলা হিসাবসমূহের মধ্যে যে সকল স্কুল ব্যাংকিং হিসাবে শিক্ষার্থীর বয়স ১৮ বছর অতিক্রান্ত হয়েছে সে সকল স্কুল ব্যাংকিং হিসাব ২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এর মাধ্যমে জারিকৃত স্কুল ব্যাংকিং নীতিমালার ১৬.২ নং অনুচ্ছেদ অনুযায়ী হিসাবধারীর সম্মতিক্রমে সাধারণ হিসাবে রূপান্তরিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়াও যে সকল তফসিলি ব্যাংক মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে বিভিন্ন শিক্ষার্থীদের ব্যাংকিং সেবা প্রদান বা সরকারী বৃত্তি/উপবৃত্তির অর্থ প্রদান করছে সে সকল শিক্ষার্থীদের ব্যাংকিং হিসাবের আওতায় স্কুল ব্যাংকিং হিসাব খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সূত্রে উল্লিখিত ০৪ নভেম্বর ২০১৫ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২ এ সংযুক্ত ছক-‘খ’এর পরিবর্তে এই সার্কুলার লেটারে সংযুক্ত ছক মোতাবেক স্কুল ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল বশর)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩৪৩

----- সালের মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর ত্রৈমাসিকের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক^১ স্কুল ব্যাংকিং আর্থিক স্বাক্ষরতা/শিক্ষা ও আর্থিক সেবা কর্মসূচির প্রতিবেদন ।

----- ব্যাংক লিঃ

প্রধান কার্যালয় ।

ক্রম	বিভাগ	শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক স্কুল ব্যাংকিং (ব্যাংক হিসাব) কর্মসূচি								শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক আর্থিক স্বাক্ষরতা/শিক্ষা কর্মসূচি								শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক আর্থিক সেবা কর্মসূচি ^৩								১৮ বছর অতিক্রান্ত হয়েছে এমন শিক্ষার্থীদের ব্যাংক হিসাব সংখ্যা	স্কুল ব্যাংকিং হিসাব হতে সাধারণ হিসাবে রূপান্তরিত হয়েছে এমন হিসাব সংখ্যা
		হিসাব সংখ্যা				স্থিতি (কোটি টাকায়)				শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা		শিক্ষার্থীর সংখ্যা				বিদ্যালয় সংখ্যা		সেবাস্বত্ব ছাত্র/ছাত্রী সংখ্যা									
		ছাত্র		ছাত্রী		ছাত্র		ছাত্রী		শহর	গ্রাম	ছাত্র		ছাত্রী		গ্রামাঞ্চল	শহরাঞ্চল	ছাত্র		ছাত্রী							
		গ্রামাঞ্চল ^২	শহরাঞ্চল ^২	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	গ্রামাঞ্চল	শহরাঞ্চল			গ্রামাঞ্চল	শহরাঞ্চল	গ্রামাঞ্চল	শহরাঞ্চল			গ্রামাঞ্চল	শহরাঞ্চল	গ্রামাঞ্চল	শহরাঞ্চল						
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪				
১	ঢাকা																										
২	চট্টগ্রাম																										
৩	রাজশাহী																										
৪	খুলনা																										
৫	বরিশাল																										
৬	সিলেট																										
৭	রংপুর																										
৮	ময়মনসিংহ																										
	মোট																										

টীকা ঃ

- ১ শিক্ষা প্রতিষ্ঠান বলতে সরকার অনুমোদিত যেকোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বুঝানো হয়েছে ।
- ২ এই সার্কুলার লেটারের আওতায় গ্রামাঞ্চল/শহরাঞ্চল বলতে বাংলাদেশ ব্যাংকের প্রচলিত সংজ্ঞা প্রযোজ্য হবে ।
- ৩ শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক আর্থিক সেবা বলতে ২৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার নং-৩ এ বর্ণিত সেবাসমূহকে বুঝানো হয়েছে ।
- ৪ প্রতিবেদনে পূঞ্জীভূত তথ্য প্রদান করতে হবে ।